



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF) ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ২৬ আগস্ট ২০১৯

প্রেস বিজ্ঞপ্তি

দীঘিনালায় তিন ইউপিডিএফ কর্মীকে গ্রেফতারের নিন্দা ও প্রতিবাদ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) খাগড়াছড়ি জেলা ইউনিটের সংগঠক অংগ্য মারমা আজ সোমবার ২৬ আগস্ট ২০১৯ সংবাদ মাধ্যমে দেয়া এক বিবৃতিতে দীঘিনালায় নিরাপত্তা বাহিনী কর্তৃক তিন ইউপিডিএফ সদস্যকে গ্রেফতারের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

বিবৃতিতে তিনি বলেন, আজ ভোর রাত ২টার দিকে কৃপাপুর এলাকায় সুমন চাকমার বাড়ি থেকে উক্ত তিন ইউপিডিএফ সদস্যদের গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃতরা হলেন- মেরুং বেতছড়ি গ্রামের ধন্যসেন চাকমার ছেলে নবীন জ্যোতি চাকমা (৩৮), ইন্দ্রমুনি পাড়ার তণ্ড্যারাম চাকমার ছেলে ভূজেন্দ্র চাকমা (৫০) ও হাচিনসনপুর গ্রামের সুজিত প্রিয় চাকমার ছেলে রুচিল চাকমা ওরফে রাসেল (২৬)

ইউপিডিএফ নেতা অবিলম্বে গ্রেফতারকৃত উক্ত তিন কর্মীর নিঃশর্ত মুক্তি এবং ইউপিডিএফের উপর চলমান বর্বর রাজনৈতিক দমন-পীড়ন বন্ধের দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।